

কলম্বো বন্দী-

তারিখ ... 20 SEP. 1991 ...

পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

### ভার্সিটি শিক্ষক সমিতির ক্ষোভ

।। স্টাফরিপোর্টার।।  
গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায়  
বিশ্ববিদ্যালয় ক্লাবভবনে ঢাকা  
বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কার্যকরী  
৮-এর পৃঃ ১-এর কলামে.

১/৬

২

### ভার্সিটি শিক্ষক

প্রথম পৃষ্ঠার পর

পরিষদের এক জরুরী সভা অনুষ্ঠিত  
হয়। সভাপতিত্ব করেন অধ্যাপক  
আনোয়ার উল্লাহ চৌধুরী। সভায় গত  
১৭ সেপ্টেম্বর রাতে অজ্ঞখারী খরার  
কথা বলে পুলিশ জগন্নাথ হলে প্রবেশ  
করে হল সংসদ ছাত্র নেতৃবৃন্দসহ  
নিরীহ ছাত্রদের উপর যে অমানুষিক  
নির্যাতন চালিয়েছে তার জন্যে গভীর  
ক্ষোভ ও নিন্দা প্রকাশ করা হয়। এ  
ঘটনায় প্রাধ্যক্ষ ও আবাসিক শিক্ষক  
আহত ও লাঞ্চিত হওয়ায় সভায় গভীর  
উদ্বেগ প্রকাশ করে সমবেদনা জ্ঞাপন  
করা হয়। সভায় জগন্নাথ হলের ঘটনার  
পরদিন একদল উচ্ছৃঙ্খল ছাত্র যুবক  
কর্তৃক উপাচার্যের অফিস ও বাসভবন,  
উপ-উপাচার্য ও রেজিস্টার অফিসের  
উপর হামলার তীব্র নিন্দা করা হয়।

সভায় উপরোক্ত সজ্ঞাসী ঘটনা-  
সমূহের জন্যে দায়ী ব্যক্তিদের যথাযথ  
তদন্তের মাধ্যমে শাস্তি দাবি করা হয়।

পুলিশের হামলার সময় পুলিশের  
সাথে বহিরাগত সজ্ঞাসীরা থাকার যে  
অভিযোগ জগন্নাথ হল ছাত্র সংসদের  
পক্ষ থেকে করা হয়েছে, সভায় সে  
বিষয়ে অবিলম্বে তদন্ত করার এবং  
সত্য ঘটনা উদ্ঘাটনের দাবি জানান  
হয়।